
# যোসেফ





রাহেল এবং যাকোবের ছেলে, যোষেফ, তার ভাইদের সাথে পশুপাল চরানোর পরে তাদের খারাপ চালচলনের কথা তার বাবাকে জানালেন। ঠ
কারণ যাকোবের বৃদ্ধ বয়সে যোষেফ জন্মগ্রহণ করেছিল বলে তিনি তাকে একটা পুরো লম্বা হাতার জামা পরিয়ে দিয়েছিলেন।
তুমি কি ওর দিকে লক্ষ্য করবে? সে এখন বিশেষ পোশাকও পাচ্ছে।
আমাদের মধ্যে কে বাবার প্রিয় ছেলে সে বিষয়ে এখন আর কোন সন্দেহ নেই।
দুঃখিত, এই উজ্জ্বল পোশাক পড়া অবস্থায় তোমাকে দেখা উচিত ছিল।
বাবার ছোট্ট ছেলেকে শায়েস্তা করা প্রয়োজন।
কিন্তু ঈশ্বর যোষেফকে একটি স্বপ্ন দেখালেন।
আদিপুস্তক ৩৭:১-৫


আমি একটি স্বপ্ন দেখলাম যে আমরা ক্ষেতে কেটে রাখা শস্যের আঁটি বাঁধছি। হঠাৎ করে আমার আঁটিটি উঠে দাঁড়াল এবং তোমাদের আঁটিগুলো আমার আঁটিকে ঘিরে দাঁড়িয়ে প্রণাম করল।
তো তুই কি আমাদের উপর রাজত্ব করতে চাস?
তুই কি সত্যিই আমাদের উপর হুকুম চালানোর কথা ভাবছিস?
আমরা কাজ করি আর তুই স্বপ্ন দেখ।
শোন, আমি আরও একটি স্বপ্ন দেখেছি যেটা আমি তোমাদেরকে বলতে চাই।
''এবার আমি দেখলাম সূর্য, চাঁদ আর এগারোটা তারা আমাকে প্রণাম করছে।''
আদিপুস্তক ৩৭:৬-১১
তোমার মা, ভাইয়েরা এবং আমি কি সত্যিই এসে তোমার সামনে মাটিতে উবুড় হয়ে তোমাকে প্রণাম করব?
আমরা আপনাকে বলেছিলাম বাবা, ও শুধু স্বপ্নই দেখে কিন্তু কোন কাজ করে না।
যদিও তার প্রতি তার ভাইয়েদের মন হিংসায় ভরে উঠল, কিন্তু যাকোব এর অর্থ কী হতে পারে তা চিন্তা করতে থাকলেন।



আদিপুস্তক ৩৭:১২-২৭



আদিপুস্তক ৩৭:২৮-৩৫


মিদিনীয়েরা যোষেফকে মিশরের ধনী একজন লোক পোটীফরের কাছে বিক্রি করে দিল, যিনি ছিলেন মিশরের রক্ষীদলের প্রধান।
যোষেফ যখন পোটীফরের জন্য কাজ করা শুরু করল তখন সে আরও ধনী হওয়া শুরু করল।
আর যখন সে যোষেফকে তার গোটা সম্পদের দেখাশুনা করার জন্য দায়িত্ব দিল--তখন সে আরও উন্নতি লাভ করল।
উমমম...
যুবক, এখানে আস এবং আমার সাথে শোও। এই অভিজ্ঞতার কথা তুমি কখনও ভুলবে না।
আপনার স্বামী তার সকল সম্পত্তির ভার আমার উপর দিয়েছেন-- আমি কি করে এত বড় একটা জঘন্য কাজ করে ঈশ্বরের বিরুদ্ধে পাপ করতে পারি?
দিনের পর দিন, সে যোষেফকে প্রলোভিত করছিল কিন্তু যোষেফ তার কাছে যাওয়াটাও প্রত্যাখান করেছিল।
আদিপুস্তক ৩৭:৩৬; ৩৯:১-১০


একদিন সেই বাড়ীতে যখন কোন দাস-দাসী ছিল না তখন সেই মহিলাটি তার সুযোগ খুঁজে পেল...
এখন--আমরা আমাদের ভালবাসার পূর্ণতার জন্য পান করতে পারি! আমার সাথে বিছানায় আস।
বাঁচাও! বাঁচাও!
তুমি যে ইব্রীয় লোকটাকে নিয়ে এসেছো সে আমার মানহানি করতে চেয়েছিল-- আমি যখন সাহায্যের জন্য চিৎকার করছিলাম তখন সে বাইরে পালিয়ে গেল--কিন্তু আমি তার কাপড়টা রেখে দিতে পেরেছি।
ওর জন্য একটিমাত্র জায়গাই উপযুক্ত--ওকে বন্দীদের অন্ধ কূপে নিয়ে যাও।
এখনই!
আদিপুস্তক ৩৯:১১-২০



কিন্তু জেলের মধ্যেও সদাপ্রভু যোষেফের সংগে সংগে ছিলেন।
তোমাকে যে দোষে দোষী করা হয়েছে সেটা আমি বিশ্বাসই করতে পারছি না। যাদের সেবা প্রয়োজন তাদের তুমি সেবা করছ, খাবার যাতে ন্যায্যভাবে দেওয়া হয় সেদিকে তুমি খেয়াল রাখ, এবং তুমি নিজের জন্য অতিরিক্ত খাবারও রাখ না।
আমি তোমাকে এই গোটা রাজকীয় জেলের প্রধান হিসেবে নিযুক্ত করলাম। তুমি শুধু আমার কাছেই জবাবদিহি করবে।
যোষেফ যেখানেই যেতেন সেখানেই সদাপ্রভু তাকে সফল করতেন।
আদিপুস্তক ৩৯:২০-২৩



ফরৌণ তার দুইজন কর্মচারী যারা ছিলেন প্রধান রুটিকার এবং রাজার প্রধান পানীয় পরিবেশক তাদের অবাধ্যতা ও চালাকীর জন্য রাগান্বিত হয়েছিলেন।
তুমি এই পচে যাওয়া ছিদ্রযুক্ত জায়গায় কীভাবে বেঁচে আছো?
আমি যেখানেই যাই সেখানেই মানিয়ে নিই। আমার ঈশ্বর আমাকে এমনই শিক্ষা দিয়েছেন।
কোন ঈশ্বর? তিনি যেই হোন না কে, তিনি হয়ত এখানে বসবাসরত সবার কথাই ভুলে গেছেন।
রাহহহহহহহহ!
আহহহহহহহহ!
তোমাদেরকে আজ এত মন-মরা দেখাচ্ছে কেন?
আমরা দু'জনেই একটা করে স্বপ্ন দেখেছি, কিন্তু তার মানে বলে দেয় এমন কোন যাদুকরই এখানে নেই।
মানে বলে দেবার ক্ষমতা কি ঈশ্বরের হাতে নেই? তোমাদের স্বপ্নের কথা আমাকে বল।

আদিপুস্তক ৪০:১--৮




স্বপ্নে আমি আমার সামনে তিনটি ডালবিশিষ্ট একটা আংগুর গাছ দেখলাম। আমি সেই আংগুরগুলো নিয়ে রস বের করে পেয়ালায় রাখলাম এবং সেই পেয়ালাটি ফরৌণের হাতে দিলাম।
তিনটা ডাল মানে তিন দিন-- এই তিন দিনের মধ্যে ফরৌণ তোমাকে এখান থেকে বের করে নিয়ে আগের কাজে বহাল করবেন।
শুধু ফরৌণের কাছে আপনি আমার এই কথা বলবেন যে আমাকে ইব্রীয় দেশ থেকে জোর করে ধরে আনা হয়েছে, আর আমি এই জেলে অযথাই দোষী সব্যস্ত হয়ে আছি।
আমার স্বপ্নে আমি দেখলাম যে আমার মাথার উপরে তিন টুকরি ময়দার রুটি রয়েছে।
উপরের টুকরিতে ছিল ফরৌণের জন্য অনেক রকমের রুটি আর পিঠা কিন্তু পাখীরা এসে আমার মাথার উপরের সেই টুকরি থেকে খেতে লাগল।
তিনটা টুকরির মানেও হল তিনটি দিন।
এই তিন দিনের মধ্যে ফরৌণ আপনার মাথা কেটে নিয়ে দেহটা গাছে ঝুলিয়ে রাখবেন, আর পাখীরা এসে আপনার দেহ থেকে মাংস ঠুকে খাবে।
যোষেফ যেমনটি ব্যাখ্যা করেছিলেন সেগুলো সত্যি হল-- কিন্তু যোষেফের কথা সেই প্রধান পানীয় পরিবেশকের মনে রইল না।
আদিপুস্তক ৪০: ৯-২৩


দুই বছর পর।
সকল যাদুকর এবং গুণী জনদের আমার সামনে নিয়ে এস--এক্ষুণি!
গতকাল রাতে আমি দুটো স্বপ্ন দেখেছি। আমাকে এগুলোর ব্যাখ্যা কর।
সেই স্বপ্নে আমি দেখলাম নদীর মধ্য থেকে সাতটা সুন্দর, মোটাসোটা গরু উঠে এসে নল বনে চরে বেড়াতে লাগল...
... কিন্তু তারপর সেই নদী থেকে আরও সাতটা বিশ্রী, এবং রোগা গরু উঠে আসল এবং সেই সুন্দর, মোটাসোটা সাতটা গরুগুলোকে খেয়ে ফেলল।
তারপর আমি উঠে পড়লাম।
আদিপুস্তক ৪১: ১-৪,৮



আদিপুস্তক ৪১:৫-১৩


আমি শুনেছি যে তুমি স্বপ্নের অর্থ বলে দিতে পার।
আমি পারি না। কিন্তু ঈশ্বর মহারাজ ফরৌণের স্বপ্নের অর্থ বলে দিয়ে তার মন শান্ত করবেন।
ফরৌণের দুটি স্বপ্নই আসলে এক এবং অভিন্ন- ঈশ্বর যা করতে যাচ্ছেন তা আপনার কাছে প্রকাশ করেছেন।
সাতটা মোটাসোটা গরুর মানে ফলন্ত সাত বছর আর সাতটা রোগা, বিশ্রী গরু এর মানে হল সাতটা দুর্ভিক্ষের বছর। আর সাতটা শীষ এর মানেও একই।
এই দুর্ভিক্ষের কারণে মিশরের লোকেরা প্রচুর ফসলের কথা ভুলে যাবে এবং এটা দেশকে শেষ করে দেবে।
একজন জ্ঞানী এবং বুদ্ধিমান লোককে গোটা মিশরের দায়িত্বভার দেওয়ার জন্য নিযুক্ত করুন।
সারাদেশে এমন কর্মচারী নিয়োগ দিন যারা পরবর্তী সাত বছরের জন্য ফলন্ত বছরগুলো থেকে পাঁচভাগের একভাগ ফসল সংরক্ষণ করে রাখবেন।
আদিপুস্তক ৪১:১৪-৩৪



আদিপুস্তক ৪১:৩৫-৩৯



কেবল সিংহাসনের রাজা হিসাবে আমি তোমার উপরে থাকব।
তোমাকে গোটা মিশর দেশের ওপর নিযুক্ত করা হল।
উপায় তৈরী কর!
যোষেফ সেই সাতটি ফলন্ত বছরে সমস্ত বাড়তি শস্য মজুদ করলেন।
ফরৌণ যোষেফকে একজন মিশরীয় স্ত্রীও দিলেন।
যোষেফ তার ছেলেদের নাম রাখলেন মনঃশি (যার মানে "ভুলে যাওয়া") এবং ইফ্রয়িম (যার মানে "ফলবান")
যে দেশে আমি দুঃখ-কষ্ট পেয়েছি সেই দেশেই ঈশ্বর আমাকে ফলবান করেছেন।
আদিপুস্তক ৪১:৪০-৫২


আমাদের বিভিন্ন প্রদেশের মানুষজন না খেয়ে দিন কাটাচ্ছে- এমনকি আমাদের সীমান্তের বাইরের দেশগুলোতেও দুর্ভিক্ষ চলছে।
যোষেফ রাজ শস্যাগারের দায়িত্বে আছে--এই সিদ্ধান্ত সে ই নেবে।
অবশেষে--খাদ ্যশস্য! এখন আমার পরিবার বাঁচবে, ওদের আর না খেয়ে থাকতে হবে না।
প্রত্যেক পরিবারের জন্য দুই টুকরি খাদ্যশস্য বরাদ্দ থাকবে।
যোষেফ মিশরীয়দের কাছে সেই খাদ্যশস্য বিক্রি করল--এবং আশেপাশের লোকদের কাছেও বিক্রি করল কারণ দুর্ভিক্ষ এতটাই ভয়বহ পর্যায়ে ছিল যে এটি সারা দেশেজুড়েই চলছিল।
আদিপুস্তক ৪১:৫৩-৫৭



আর কেন তোমরা শুধু দাঁড়িয়ে থেকে একে অন্যের দিকে তাকিয়ে আছ!
আমি শুনেছি যে মিশরে খাদ্যশস্য আছে। সেখানে যাও এবং কিছু খাদ্যশস্য নিয়ে আস যাতে করে আমরা প্রাণে বেঁচে থাকি এবং মারা না যাই।
তোমরা দশ ভাই সেখানে যাও এবং খাদ্যশস্য নিয়ে আস।
পথে যাওয়ার সময় বিন্যামীন এর যাতে কোন বিপদ না হয় সেজন্য ও আমার কাছেই থাকবে।
আমি যা ভেবেছিলাম এটা তার থেকেও বড় বিষয়।
আশা করি তাদের শস্যাগার বড় হবে।
প্রভু, আমরা ইব্রীয়েরা কনান দেশ থেকে খাদ্যশস্য কেনার জন্য এসেছি।
যতক্ষণ পর্যন্ত তাদের কাছে রূপা বা স্বর্ণ আছে ততক্ষণ আমরা তাদের রাখতে পারি।



তোমরা কোথা থেকে এসেছ?
আমরা কনান দেশে থেকে খাদ্যশস্য কেনার জন্য এসেছি।
তোমরা গুপ্তচর যারা আমাদের দেশের যেসব জায়গায় রক্ষার কোন ব্যবস্থা নেই তোমরা তা দেখে নেওয়ার জন্য এসেছ।
না, আমরা সৎ লোক আর গুপ্তচর নই।
আর যোষেফের তার দেখা স্বপ্নের কথা মনে পড়ল।
না--আমাদের দেশের যেসব জায়গায় রক্ষার ব্যবস্থা নেই সেসব জায়গা খুঁজতেই তোমরা এসেছ।
না, আমরা বারো জন ভাই, আমরা একই বাবার সন্তান।
আমাদের এক ভাই বেঁচে নেই এবং সবচেয়ে ছোট ভাইটি আমাদের বাবার সাথে রয়েছে।
তোমরা গুপ্তচর আর আমি তোমাদের এভাবেই পরীক্ষা করব।
তোমাদের ছোটভাই এখানে না আসা পর্যন্ত তোমরা মিশর ছেড়ে যাবে না। একজন ভাই ফিরে না আসা পর্যন্ত বাকী সকলে এখানেই জেলে বন্দী থাকবে।
ওদেরকে বন্দী কর!
আদিপুস্তক ৪২:৬-১৭




আদিপুস্তক ৪২:১৮-২৪




আদিপুস্তক ৪২:২৫-২৮




আদিপুস্তক ৪২:২৯-৩৮


কয়েকমাস পর...
প্রভু, আজকে আমরা শেষ রুটি সেঁকেছি। মিশর থেকে নিয়ে আসা সব খাদ্যশস্য শেষ হয়ে গিয়েছে।
তোমরা আবার গিয়ে আরও কিছু শস্য কিনে আন।
আমরা পারব না। আমাদেরকে হুমকি দেওয়া হয়েছে যে আমাদর ছোট ভাইকে না নিয়ে গেলে আমরা আর সেই কর্তার সামনে যাব না।
আর তোমাদের যে আর একজন ভাই আছে সেই কথা সেই লোকটিকে বলতে গিয়ে কেন আমাকে কষ্ট দিলে?
লোকটি আমাদের পরিবার সম্বন্ধে বিশেষভাবে প্রশ্ন করেছিল।
ছেলেটিকে আমার সাথেই পাঠাও এবং ওর যদি কিছু হয় তাহলে তোমরা এর জন্য চিরকাল আমাকেই দোষী কোরো।
যদি আমরা এত দেরি না করতাম তবে নিশ্চয়ই এতদিনে আমরা আরও দু'বার গিয়ে ফিরে আসতে পারতাম।
এক কাজ কর। সেই লোকটির জন্য এই দেশের সবচেয়ে ভাল ভাল জিনিস থেকে কিছু কিছু করে নিয়ে যাও, আর তাকে তাঁর রূপা ফিরিয়ে দেওয়ার জন্য তোমরা সংগে করে দ্বিগুণ রূপা নাও।
তোমাদের ভাইকে সংগে নিয়ে তোমরা তাড়াতাড়ি করে সেই লোকটির কাছে ফিরে যাও। আর যদি আমাকে সন্তানহারা হতেই হয় তবে না হয় তা-ই হলাম।



আদিপুস্তক ৪৩:১৫-২৫


তোমাদের যে বুড়ো বাবার কথা তোমরা বলেছিলে তিনি কি ভাল আছেন?
আপনার দাস আমাদের বাবা এখনও বেঁচে আছেন এবং ভালই আছেন।
এ-ই কি তোমাদের সেই ছোট ভাই?
ঈশ্বর তোমাকে দয়া করুন!
নিজেকে আর ধরে রাখতে না পেরে যোষেফ চলে গেলেন...
... আর তার ঘরে গিয়ে কাঁদতে লাগলেন।
আদিপুস্তক ৪৩:২৫-৩০




আদিপুস্তক ৪৩:৩১-৩৪


এরা যতটুকু শস্য নিতে পারে ততটুকু শস্য এবং রূপা তাদের বস্তায় ভরে দাও।
যে সবচেয়ে ছোট তার বস্তার মুখে আমার রূপার বাটিটা দিয়ে দিও।
আমি বাড়ি ফিরে যাওয়ার জন্য একদম প্রস্তুত।
আমিই সেই ব্যক্তি যে এত মাস ধরে জেলে বন্দী আছি!
কি...
এ তুমি কি করেছ?
যে পাত্র দিয়ে আমার মনিব গোণাপড়ার কাজ করেন সেই পাত্র তোমরা চুরি করেছ।
আমরা কখনই এমন কাজ করব না!
আমরা কেন এমন করতে যাব- গতবারে আমাদের বস্তার মুখে যে টাকা পেয়েছিলাম তা আবার ফিরিয়ে এনেছিলাম।
আদিপুস্তক ৪৪:১-৮



আদিপুস্তক ৪৪: ৯-১৩



আদিপুস্তক ৪৪:১৪-৩৪


সবাই-আমার সামনে থেকে সরে যাও!
ইয়াহহহ্!!
আমি-আ-মি তোমাদের ভাই যোষেফ...
... যাকে তোমরা দাস হিসেবে বিক্রি করে দিয়েছিলে।
এ হতে পারে না...
ক- ক- কী...
আদিপুস্তক ৪৫:১-৪



নিজেদের প্রতি দুঃখ পেয়ো না বা রাগ করো না।
তোমরা আমাকে এখানে পাঠাও নি--কিন্তু ঈশ্বর পাঠিয়েছেন।
আমরা দুর্ভিক্ষের দুই বছর পার করেছি আর এখনও আর পাঁচ বছর আছে।
পৃথিবীতে তোমাদের বংশ বাঁচিয়ে রাখবার জন্য এবং ধ্বংসের হাত থেকে তোমাদের প্রাণ রক্ষা করবার জন্য ঈশ্বরই আমাকে পাঠিয়েছেন।
এখন তোমরা তাড়াতাড়ি করে বাবার কাছে গিয়ে বল যে...
ঈশ্বর আমাকে সারা মিশর দেশের কর্তা করেছেন।
আর দেরি না করে আমার কাছে চলে এস এবং আমি তোমাদেরকে গোশন দেশে ভরণপোষণের দায়িত্ব নেব।
তোমরা আর দেরি না করে এখনই আমাদের বাবার কাছে গিয়ে সব বল--নতুবা তোমরা নিঃস্ব হয়ে যাবে।
আর যোষেফ তার ভাইদের গলা জড়িয়ে ধরে কাঁদলেন।
আদিপুস্তক ৪৫: ৫-১৪


ফিসত
ফিসত
আমি সন্তুষ্ট। সাফনৎ-পানেহর জন্য পাঠাও।
আমি দারুণ এক ঘটনা শুনলাম।
এ সবই সত্য, মহারাজ--এভাবেই আমি ফরৌণের সেবা করার জন্য এখানে এসেছি--এবং আমার পূর্বপুরুষদের ঈশ্বরের উদ্দেশ্য পূরণ করেছি।
তোমার বাবা এবং তোমার ভাইদের পরিবারকে ফিরিয়ে নিয়ে আস।
তাদের স্ত্রী এবং সন্তানদের জন্য মালবাহী গাড়ি নাও--মিশরের সবচেয়ে ভাল জিনিসগুলো তোমাদের হবে।
এই দশটি গাধা যাত্রায় প্রত্যেকের জন্য নতুন কাপড় সহ প্রয়োজনীয় সকল জিনিস বহন করবে।
আর সবচেয়ে ছোট ছেলের জন্য-পাঁচ জোড়া কাপড় এবং তিনশত রূপার টুকরা দিলেন।
তোমরা পথে ঝগড়া-বিবাদ কোরো না!
আদিপুস্তক ৪৫:১৬-২৪



আদিপুস্তক ৪৫:২৫-২৮



আদিপুস্তক ৪৬:১-২৭


যোষেফের দিকে এগিয়ে যাও- গোশনে যাবার পথের নির্দেশনা মেনে চল।
বাবা আমার।
কতদিন ধরে তোমার চেহারা দেখি না।
আর যোষেফ তাকে জড়িয়ে ধরে অনেক্ষণ কাঁদলেন।
আমি আপনাদের ফরৌনের কাছে নিয়ে যাব কিন্তু আপনারা তার কাছে নিজেকে রাখাল হিসেবে পরিচয় দেবেন।
তাহলেই আপনারা গোশনে থাকতে পারবেন--কারণ রাখালদের মিশরীয়রা ঘৃণার চোখে দেখে।
আদিপুস্তক ৪৬:২৮-৩৪


তো, আমার প্রধান পরিচালকের ভাইদের পেশা কী?
আমরা রাখাল।
তাহলে তোমরা আমাদের থেকে দূরে গোশনেই বসবাস কর।
আর সাফনৎ-পানেহ এর বাবা-আপনার বয়স কত?
এই পৃথিবীর অস্থায়ী বাসিন্দা হিসাবে আমার একশো ত্রিশ বছর হয়েছে।
এই দিনগুলোর সংখ্যা খুব বেশী নয়, আর তা দুঃখেই কেটেছে। তবে কিছুদিনের বাসিন্দা হিসাবে আমার পূর্বপুরুষেরা যতদিন কাটিয়ে গেছেন আমি ততদিন কাটাতে পারি নি।
এর পর যাকোব গোটা মিশরের রাজা, ফরৌণকে আশীর্বাদ করলেন।
আর যাকোব সেখান থেকে বিদায় নিলেন।
বাবা, এই যে--এটাই এই দেশের সবচেয়ে ভাল জায়গা।
আর আমি আপনার এবং প্রত্যেকটি পরিবারের খাবার সহ সংসারিক প্রয়োজনগুলো পূরণ করব।
আদিপুস্তক ৪৭:১-১২



আদিপুস্তক ৪৭:১৩-৩১


তোমার বাবা অসুস্থ-হয়ত তিনি মৃত্যুবরণ করবেন।
এখনই, আমার ছেলেদের একত্র কর এবং তারা আমার সাথে তাঁর কাছে যাবে।
আপনার ছেলে যোষেফ এখানে আছে।
ওকে আমার কাছে নিয়ে আস।
সর্বশক্তিমান ঈশ্বর কনান দেশের লূস শহরে আমাকে দেখা দিয়ে আশীর্বাদ করেছিলেন।
তিনি আমাকে অনেক সন্তানের পিতা হবার ক্ষমতা এবং এই দেশকে চিরকালের সম্পত্তি হিসেবে দেয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।
এরা কারা?
ঈশ্বর আমাকে এই দুটি সন্তান দান করেছেন।
ওদেরকে আমার কাছে নিয়ে আস যাতে আমি ওদেরকে আশীর্বাদ করতে পারি।
আমি কখনও ভাবিনি যে আমি আবারও তোমাকে দেখতে পাব, আর এখন ঈশ্বর কেবল তোমাকে নয়, তোমার ছেলেদেরও আমাকে দেখতে দিলেন।
আদিপুস্তক ৪৮:১-১১


এই যে বাবা, আমাকে এবং আমার সন্তানদের উভয়কেই আশীর্বাদ করুন।
সেই ঈশ্বর, যাঁর ইচ্ছামত আমার পূর্বপুরুষ অব্রাহম আর ইস্‌হাক চলতেন... তিনি এই ছেলেদের আশীর্বাদ করুন।
এদের মধ্য দিয়েই আমার ও আমার পূর্বপুরুষ অব্রাহম ও ইস্‌হাকের নাম বেঁচে থাকুক। আমাদের দেশের মধ্যে তাদের বংশের লোকেরা সংখ্যায় অনেক বেড়ে উঠুক।
বাবা, এইভাবে নয়। এই যে আমার বড় ছেলে। তোমার ডান হাত এর মাথার উপরে রাখ।
আমি তা জানি বাবা, আমি তা জানি।
সেও মহান হবে এবং তার বংশের লোকেরা একটা জাতি হয়ে গড়ে উঠবে।
সেও মহান হবে এবং তার বংশের লোকেরা একটা জাতি হয়ে গড়ে উঠবে।
ইস্রায়েল তারপর ছেলে দু'টিকে আশীর্বাদ করলেন এবং বললেন, "ইস্রায়েলীয়েরা কাউকে আশীর্বাদ করবার সময় তোমাদের নাম করে বলবে, 'ঈশ্বর তোমাকে ইফ্রয়িম ও মনঃশির মত করুন।"
তোমার ভাইদের চেয়ে কিছু বেশী সম্পত্তি আমি তোমাকে দিলাম। যে জায়গাটা আমি তলোয়ার ও ধনুক দিয়ে যুদ্ধ করে ইমোরীয়দের হাত থেকে নিয়ে নিয়েছিলাম সেই জায়গাটাই আমি তোমাকে দিলাম।"
আদিপুস্তক ৪৮:১২-২২



আদিপুস্তক ৪৯:১-৩২



আদিপুস্তক ৫০:১-২১


যোষেফ একশো দশ বছর বেঁচে ছিলেন এবং তাঁর নাতি-নাতনিদের দেখে যেতে পেরেছিলেন।
আর তিনি সেসময় বেঁচে থাকা তার ভাইদের বলেছিলেন যে…
আমার মরবার সময় হয়ে এসেছে, তবে এটা নিশ্চয় যে, ঈশ্বর তোমাদের দেখাশোনা করবেন। তিনি অব্রাহাম, ইস্‌হাক ও যাকোবকে যে দেশ দেবেন বলে শপথ করে প্রতিজ্ঞা করেছিলেন সেই দেশেই তিনি তোমাদের এখান থেকে নিয়ে যাবেন।
আর যখন তিনি তা করবেন… তখন এখান থেকে যাবার সময় তোমরা আমার হাড়গুলো তুলে নিয়ে যেয়ো।
আর যোষেফের মৃতদেহটাকে সুগন্ধি মসলা দিয়ে রাখা হল এবং মিসরেই কবরস্থ করা হল।
আদিপুস্তক ৫০: ২২-২৬